## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৬৬/২০১৬**

**অভিযোগকারী ঃ জনাব মোঃ ইমরান হোসেন**
পিতা-মোঃ দৌলত হোসেন মিয়া
পাক্ষিক কৃষি বিপ্লব
২৭৯, পূর্ব হাজীপাড়া
রামপুরা, ঢাকা।

**প্রতিপক্ষ ঃ জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন**
প্রধান তথ্য কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ ঃ ০৪-০৫-২০১৫ ইং)**

অভিযোগকারী ১৫-০২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রধান তথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

কৃষি তথ্য সার্ভিস এর অধীন দশটি কৃষি অঞ্চলে তথ্য সার্ভিস এর কার্যক্রম নিবিড়করণ প্রকল্প হতে ২০১৩-২০১৪ ইং ও ২০১৪-২০১৫ ইং অর্থবৎসরে সরকারী ক্রয়/দরপত্র এর বিষয়ে প্রয়োজনীয় তথ্য-

১. কৃষি তথ্য সার্ভিস এর অধিন দশটি কৃষি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিস এর কার্যক্রম নিবিড়করণ প্রকল্প হতে- ২০১৩-২০১৪ ইং এবং ২০১৪-১৫ ইং অর্থ বৎসরে পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতীত কোন কোন সরকারি ক্রয়ের ক্ষেত্রে, কোটেশনের মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়েছে তাহার পূর্ণাঙ্গ বিবরণ এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহ্বান না করার কারণ এবং কি প্রক্রিয়ায় কোটেশন বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল তাহার বিবরণ?

২. ২০১৩-২০১৪ ইং এবং ২০১৪-১৫ ইং অর্থ বৎসরে পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতীত/কোটেশন দরপত্রে কার্যাদেশ প্রাপ্ত সকল প্রতিষ্ঠানসহ অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্রের বিবরণসহ সত্যায়িত কপি।

৩. ২০১৩-২০১৪ ইং এবং ২০১৪-১৫ ইং অর্থ বৎসরে পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ব্যতীত/কোটেশন সকল দরপত্রের সিডিউল এর কপি এবং কোটেশন দরপত্র সমূহের বিপরীতে গঠিত মূল্যায়ন কমিটির নামের তালিকা এবং তাহাদের মাধ্যমে প্রাপ্ত নম্বরের বিবরণ (বিভাজনসহ প্রাপ্ত নম্বর)।

৪. কৃষি তথ্য সার্ভিস এর অধিন দশটি কৃষি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিস এর কার্যক্রম নিবিড়করণ প্রকল্প হতে -দরপত্র বিজ্ঞপ্তি নং-আইএআইএস/৩৭০, তাং-২৬-০৯-২০১৩ এর মাধ্যমে প্রামান্যচিত্র এবং টিভি স্পট তৈরীর দরপত্রের, ডকুড্রামা- (ক) বাড়ির আঙিনায় শাক-সবজি ও মাছ চাষ (খ) বায়োগ্যাস প্লান্ট এবং টিভি স্পট -পলি কম্পোষ্ট এর লেখক ও পরিচালক এর কি কি পূর্ব অভিজ্ঞতা রয়েছে তাহা উল্লেখসহ জীবন বৃত্তান্ত এবং তাহাদের জাতীয় পরিচয় পত্রের নম্বর/ফটোকপি।

৫. কৃষি তথ্য সার্ভিস এর অধিন দশটি কৃষি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিস এর কার্যক্রম নিবিড়করণ প্রকল্প হতে -দরপত্র বিজ্ঞপ্তি নং-আইএআইএস/৩৭০, তাং-২৬-০৯-২০১৩ এর মাধ্যমে প্রামান্যচিত্র এবং টিভি স্পট তৈরীর দরপত্রের পান্ডুলিপির মূল্যায়ন কমিটির নামের তালিকা এবং তাহাদের মাধ্যমে প্রাপ্ত নম্বর এর বিবরণ (প্রত্যেকের বিভাজনসহ প্রাপ্ত নম্বর)।

২। আবেদনের পরিপ্রেক্ষিতে ১৩-০৪-২০১৫ ইং তারিখে জনাব মিজানুর রহমান, প্রধান তথ্য অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা স্মারক নংঃ ১২.০৫.০০০০.০১১.০১০.০০১.১৪-৬৭১ এর মাধ্যমে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্য সঠিক নয় উল্লেখ করে অভিযোগকারী ২৯-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী এবং প্রতিপক্ষ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৫। প্রতিপক্ষ জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান তথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, ব্যক্তিগত তথ্য ব্যতিত অভিযোগকারীর সকল তথ্য সরবরাহ করতে তিনি প্রস্তুত আছেন মর্মে কমিশনকে অবহিত করেন।

## পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে পূর্ণাঙ্গ তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য, দরপত্রের শর্ত অনুযায়ী দাখিলকৃত সকল তথ্যই কাজটির কার্যাদেশ প্রদানের পর তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরকারী দলিলের অংশ বিধায় প্রকাশযোগ্য তথ্য ।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান তথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| স্বাক্ষরিত | স্বাক্ষরিত | স্বাক্ষরিত |
|---|---|---|
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |